

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কবিরহাট, নোয়াখালী

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি	: শরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, কবিরহাট, নোয়াখালী।
সভার স্থান	: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কবিরহাট, নোয়াখালী।
সভার তারিখ ও সময়	: ১৪-০২-২০১৯, সকাল : ১১:০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)	“পরিশিষ্ট-ক”।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ ভাষা শহীদের প্রতি পরম শ্রদ্ধা ও সম্মান জানিয়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

- ১। কবিরহাট পৌরসভায় সহকারী কমিশনার (ভূমি)কবিরহাট এবং ইউনিয়ন পর্যায়ে সকল ইউপি চেয়ারম্যানগণকে জাতীয় পতাকার সঠিক মাপ, রং এবং পতাকা উত্তোলনের খুঁটির সঠিক ও যথাযথ ব্যবহার মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।
- ২। উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের জন্য অনুরোধ করা হয়। পৌরসভার বাইরে অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ উদযাপনের লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে বিভিন্ন কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় পালন এবং পৌরসভার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকমণ্ডলী ও ছাত্র/ছাত্রীদেরকে উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।
- ৩। কেন্দ্রীয় শহীদ মিনারে আলোক সজ্জা, মাইক সরবরাহ, শহীদ মিনার ও পৌরসভার গুরুত্বপূর্ণ স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কবিরহাট পৌরসভাকে অনুরোধ জানানো হয়।

সভায় জাতীয় এবং জেলা পর্যায়ে প্রণীত কর্মসূচী পর্যালোচনা করা হয়। অতঃপর জাতীয় ও জেলা কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে কবিরহাট উপজেলায় নিম্নবর্ণিত কর্মসূচী গৃহীত হয়:

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০১৯ এর অনুষ্ঠানসূচী

তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নে
২১ ফেব্রুয়ারি ২০১৯ রাত ০০.০১ ঘটিকা	কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ	কবিরহাট কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণ	উপজেলা প্রশাসন ও কবিরহাট পৌরসভা
২১ ফেব্রুয়ারি ২০১৯ সূর্যোদয়ের সাথে সাথে	সকল সরকারী-বেসরকারী ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানে যথাযোগ্য মর্যাদায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	সকল সরকারী, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান	স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান
২১ ফেব্রুয়ারি ২০১৯ সকাল ১০.০০ টা	চিত্রাংকন প্রতিযোগিতা- প্রাথমিক বিদ্যালয় বিষয়: শহীদ মিনার অংকন	কবিরহাট মডেল উচ্চ বিদ্যালয়	চিত্রাংকন প্রতিযোগিতা উপ কমিটি: ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কবিরহাট, নোয়াখালী - আহ্বায়ক ২। জনাব মহিম চন্দ্র দাস, প্রভাষক, কবিরহাট সরকারি কলেজ - সদস্য ৩। প্রধান শিক্ষক, কবিরহাট সরকারি মডেল উচ্চ বিদ্যালয় - সদস্য
২১ ফেব্রুয়ারি ২০১৯ সকাল ১০.০০ টা	রচনা প্রতিযোগিতা - মাধ্যমিক বিদ্যালয় বিষয় : ভাষা আন্দোলন	কবিরহাট মডেল উচ্চ বিদ্যালয়	রচনা প্রতিযোগিতা উপ কমিটি: ১। উপজেলা শিক্ষা অফিসার- আহ্বায়ক